64

দৈনিক ইনকিলাব

তারিখ ... .. AUG. 5 ... [illegible] ...
পৃষ্ঠা ৩ কলাম ২ ......

## ক্যাডেট কলেজসমূহের সমস্যাবলী ও তার সমাধান সম্পর্কে আলোচনা

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ ক্যাডেট কলেজ পরিষদের এক বৈঠক গতকাল বুধবার ঢাকা সেনানিবাসে, অনুষ্ঠিত হয়েছে। ক্যাডেট কলেজগুলোর বিভিন্ন সমস্যা ও সেগুলোর সম্ভাব্য সমাধান, ভবিষ্যৎ উন্নয়ন এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় নিয়ে বৈঠকে আলোচনা হয়। ক্যাডেট কলেজ পরিষদের চেয়ারম্যান ও প্রতিরক্ষা সচিব সৈয়দ ইউসুফ হোসেন বৈঠকে সভাপতিত্ব করেন। ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের চেয়ারম্যান ও বাংলাদেশ সেনাবাহিনীর এডজুট্যান্ট জেনারেল মেজর জেনারেল মুহম্মদ মাসুদুর রহমান, বীরপ্রতীক, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সেনা, নৌ ও বিমানবাহিনীর প্রতিনিধিবৃন্দ এবং ক্যাডেট কলেজের প্রিন্সিপালগণ, পদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাগণ বৈঠকে অংশগ্রহণ করেন।